

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৭৪.০০২.০১.০০.০০৪.২০১৩-২১৮

তারিখ : ২৮.০৫.২০১৫ খ্রি.

প্রেরক : ড. মো: এনামুল হক  
উপ সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” অপারেশনাল প্ল্যানের অনুকূলে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ১৭,৬৮,২৪০.০০ (সতেরো লক্ষ আটষাট হাজার দুইশত চল্লিশ) টাকা অগ্রিম উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি’র আওতায় “ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” (কোড নং-৫৪৮০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৪-২০১৫ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতে ১ম-৪র্থ কিস্তিতে ছাড়কৃত ২১০০০.০০ লক্ষ (দুইশত দশ কোটি) টাকা হতে (৫-২৭০১-৫৪৮০-৪৮৪০ কোডে) থাইল্যান্ডে "Skill Enhancement on Planning, Designing and Development of Hospitals" শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত মোট ০৬ (ছয়) জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ১৭,৬৮,২৪০.০০ (সতেরো লক্ষ আটষাট হাজার দুইশত চল্লিশ) টাকা অগ্রিম উত্তোলনে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি।

শর্তাবলী :

- ক. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
  - খ. পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
  - গ. অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
  - ঘ. অগ্রিম বাবদ গৃহীত অর্থ অপারেশনাল প্ল্যান (ওপি) অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কার্যক্রম সম্পাদনের জন্য ব্যয় করতে হবে;
  - ঙ. অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
  - চ. অগ্রিম হিসাবে উত্তোলিত অর্থ ৩০শে জুন ২০১৫ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে।
- ২। এ অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এইচপিএনএসডিপি’র “ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট” (কোড নং-৫৪৮০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থ বছরের আরপিএ (জিওবি) খাতে প্রদত্ত অর্থের ৫-২৭০১-৫৪৮০-৪৮৪০ কোড হতে বহন করা হবে।
- ৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারি করা হলো (কপি সংযুক্ত)।


স্বঃ

(ড. মো: এনামুল হক)  
উপ সচিব  
ফোন : ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দৃষ্টব্য-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (চিঃশিঃ ও উঃ) ও লাইন ডাইরেক্টর, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬.  সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(ড. মো: এনামুল হক)  
উপ সচিব